

ঢাবি'র ঘটনায় চট্টগ্রামের ছাত্র রাজনীতি চাঙ্গা হয়ে উঠেছে

সাম স্বারো

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে পুলিশি নির্যাতনের ঘটনায় বন্দর নগরী চট্টগ্রামের ছাত্র রাজনীতি উত্তপ্ত হয়ে ছ। সরকার বিরোধী ছাত্র সংগঠনগুলো গে বিভক্ত হয়ে ইতিমধ্যে মাঠে নেমে ছে। একদিকে ছাত্রলীগ অন্যদিকে গণতান্ত্রিক ছাত্রঐক্য অভিন্ন দাবিতে পৃথক ফরম থেকে আন্দোলন শুরু করেছে। র দাবির মধ্যে রয়েছে অবিলম্বে ঢাকা বদ্যালয়ের উপাচার্য ও প্রক্টরের পদত্যাগ শামসুন্নাহার হল ও ক্যাম্পাসে হাতীদের ওপর নির্যাতনকারী পুলিশ ও র সহযোগীদের শাস্তি এবং ছাত্র নীতি বন্ধের চক্রান্ত রুখে দেয়া। মে সরকার বিরোধী আন্দোলন চাঙ্গা ওঠায় প্রশাসন নগরীর বিভিন্ন কলেজ পাসে মোতায়েনকৃত পুলিশের সংখ্যা করেছে। পুলিশ গতকাল রোববার র বৃহত্তম ওমর গনি এমইএস কলেজ ও াবি সিটি কলেজসহ কয়েকটি কলেজে



ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রী হলে হামলার প্রতিবাদে এবং ভিসির অপসারণের দাবিতে চট্টগ্রাম সিটি কলেজ ছাত্রলীগ গতকাল মিছিল বের করতে চাইলে পুলিশ কলেজ গেটে মিছিলটি আটকে দেয় -যুগান্তর

ছাত্রদল নিয়ন্ত্রিত কলেজগুলোতে কোন উত্তেজনা নেই। জানা গেছে, দীর্ঘদিনের মতবিরোধের কারণে ছাত্রলীগের

ঘটনার প্রতিবাদে সংগঠনগুলো নিজ নিজ প্রাটফরম থেকে আন্দোলন শুরু করেছে। ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও ছাত্রমৈত্রীর সমন্বয়ে গঠিত গণতান্ত্রিক ছাত্রঐক্য ২৪ জুলাই থেকে নগরীতে মিছিল-সমাবেশ করছে। গতকাল বিকালেও ঢাবি'র উপাচার্য ও প্রক্টরের পদত্যাগ এবং সংশ্লিষ্টদের শাস্তির দাবিতে গণতান্ত্রিক ছাত্রঐক্য নগরীতে মিছিল বের করে। বাংলাদেশ ছাত্র ফেডারেশনও পৃথকভাবে এ ঘটনার প্রতিবাদে মিছিল-সমাবেশ চালিয়ে যাচ্ছে। সরকার বিরোধী প্রধান সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রক্টরের পদত্যাগ এবং শামসুন্নাহার হলে, সংঘটিত ঘটনার সঙ্গে জড়িতদের শাস্তির দাবিতে এবং ৩০ জুলাই হরতালের সমর্থনে নগরীর বিভিন্ন কলেজে তাদের তৎপরতা জোরদার করেছে। ছাত্রলীগ নিয়ন্ত্রিত সরকারি কর্মসূচি কলেজ, সরকারি সিটি কলেজ, ওমর গনি এমইএস কলেজ

চট্টগ্রাম : ছাত্র রাজনীতি

(৩য় পৃষ্ঠার পর)

কার এসব স্থানে অতিরিক্ত পুলিশ মোতায়ে করা হয়েছে। ওমর গনি এমইএস কলে ছাত্রলীগের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঘটনায় উপাচার্যের অপসারণ ও ৩০ জুলাই হরতালের সপক্ষে কলেজ ক্যাম্পাসে গতকাল বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। একই দাবিতে সরকারি সিটি কলেজ ছাত্রলীগ গতকাল কলেজ ক্যাম্পাস থেকে একটি মিছিল বের করে এবং নগরী নিউমার্কেট এলাকা প্রদক্ষিণ করে পুনরাবর্তন করে এসে তবারক চত্বরে একা সমাবেশে রূপ নেয়। এতে হাজারখন্ডে ছাত্রছাত্রী অংশ নেয়। ছাত্রলীগ আজ থেকে চট্টগ্রাম আইন কলেজেও আন্দোলন শুরু করেছে বলে জানিয়েছেন নগর ছাত্রলীগের স্টিয়ারিং কমিটির সদস্য নাজমুল হক ডিউক। তবে তারা নগরকেন্দ্রিক কোন কর্মসূচি এখনও দেয়নি। এজন্য নগর ছাত্রলীগের স্টিয়ারিং কমিটির একজন সদস্য যুগান্তরকে জানান, বর্তমানে এ কমিটি অনেকটা অকার্যকর এবং কার্যক্রমে সমন্বয় নেই। তবে সরকার বিরোধী অন্যান্য ছাত্র সংগঠনের সঙ্গে যোগাযোগের মাধ্যমে ছাত্রলীগ সরকার বিরোধী বৃহৎ আন্দোলনে যাওয়ার প্রস্তুতি নিচ্ছে বলেও তিনি জানান। ধারাবাহিক আন্দোলন কর্মসূচির অংশ হিসাবে গণতান্ত্রিক ছাত্রঐক্য আজ বেলা ১১টায় শহীদ মিনার থেকে কালো পতাকা মিছিল এবং আগামীকাল একই দাবিতে চট্টগ্রাম জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি